দৈনিক সংবাদ

তারিখ ... MAY 26 1999 ..

পৃষ্ঠা 2 কলাম ৯


44

# বঙ্গবন্ধু মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে ১২ ঘন্টা ধর্মঘট ৩১শে মে

(নিজস্ব বার্তা পরিবেশক)

সরকারি কর্মচারী সমন্বয় পরিষদের বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় শাখা তাদের ৫ দফা দাবিতে আগামী ৩০ ও ৩১শে মে সকাল ৮টা থেকে রাত ৮টা পর্যন্ত ১২ ঘন্টা কর্মবিরতি পালন করবে।

সরকার যদি ৫ই জুনের মধ্যে দাবি না মেনে নেয় তাহলে পরিষদ ৬ই জুন সকাল ৭টা থেকে ৭ই জুন সকাল ৭টা পর্যন্ত পূর্ণ কর্মবিরতির কর্মসূচি ঘোষণা করেছে। দাবি আদায়ের জন্য পরিষদ পরবর্তীতে অবিরাম কর্মসূচি ঘোষণা করবে।

গতকাল বিকেলে জাতীয় প্রেসক্লাবে এক সাংবাদিক সম্মেলনে এ কর্মসূচি ঘোষণা করা হয়। সাংবাদিক সম্মেলনে সরকারি কর্মচারী সমন্বয় পরিষদের সাবেক পিজি হাসপাতাল শাখার সভাপতি মোঃ আবুল কাশেম, সাধারণ সম্পাদিকা সন্ধ্যা কবি শেখর বক্তব্য রাখেন। এছাড়া সহ-সভাপতি নজরুল ইসলাম চৌধুরী, নাসিমা আখতার ও ফজলুর রহমান, যুগ্ম-সম্পাদক আবদুল মজিদ, সাংগঠনিক সম্পাদক মোঃ হোসেন, উপদেষ্টা হারুনর রশিদ প্রমুখ সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন।

সাংবাদিক সম্মেলনে জানানো হয়, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় বিলের ধারা অনুযায়ী সরকারি কর্মচারী থাকার জন্য অপশন প্রদানকারীদের সরকারি চাকরি সম্পর্কিত স্থায়ী আদেশ এখনো জারি হয়নি। এ আদেশ জারি ও সরকারি বিধি মোতাবেক পদোন্নতি প্রদানই তাদের ৫ দফার মূল দাবি।

এছাড়া বাকি ৪ দফায় সরকারি কর্মচারী হিসেবে প্রাপ্য সুযোগ-সুবিধা প্রদানের দাবি রয়েছে।

এক প্রশ্নের জবাবে পরিষদ নেতৃবৃন্দ জানান, স্বায়ত্তশাসিত মেডিক্যাল বিশ্ববিদ্যালয় হওয়ার আগে পিজি হাসপাতালে সহস্রাধিক কর্মচারীর মধ্যে দেড়শ' জন ছাড়া বাদবাকি ৯ শতাধিক কর্মচারী সরকারি কর্মচারী থাকার পক্ষে 'অপশন' দিয়েছে।